



বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৪০.৪৭.০১৭.১৫-২২

তারিখ: ১৯ জানুয়ারি, ২০২১


পরিপত্র

বিষয়: চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে সাংবাদিক নীতিমালা।

সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণ পরিবেশে নির্বাচন অনুষ্ঠানে গণমাধ্যমের ভূমিকা গুরুত্বপূর্ণ। ভোটগ্রহণের দিনসহ বিভিন্ন সময়ে সাংবাদিকগণ যাতে সহজে নির্বিঘ্নে নির্বাচনি সংবাদ সংগ্রহ করতে পারেন সেজন্য সহযোগিতা প্রদান করার প্রয়োজন রয়েছে, তবে তা অবশ্যই নির্বাচনের সময়, ভোটগ্রহণ ও ভোট গণনার সময় প্রয়োজ্য বিধি-নিষেধ মেনে করতে হবে। নির্বাচন কমিশনের অনুমোদিত ব্যক্তি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারেন। এজন্য ভোটকেন্দ্রের সংবাদ সংগ্রহের জন্য নির্বাচন কমিশন হতে সাংবাদিকদের বিশেষ কার্ড সরবরাহ করা হবে। রিটার্নিং অফিসারগণ তাদের সংশ্লিষ্ট এলাকার এসব কার্ড ইস্যু করবেন। রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসারকে সংশ্লিষ্ট উপজেলার সাংবাদিকদের কার্ড প্রদানের ক্ষমতা প্রদান করতে পারবেন। এছাড়া ঢাকা হতে যেসব সাংবাদিক দেশের বিভিন্ন স্থানে নির্বাচনি সংবাদ সংগ্রহ করতে যাবেন তাদের কার্ড নির্বাচন কমিশন হতে ইস্যু করা হবে। সাংবাদিকগণ নির্বাচন কমিশনের অনুমোদিত এবং অনুমোদনসূচক স্টিকার যুক্ত যানবাহন ব্যবহার করতে পারবেন। মোটর সাইকেল ব্যবহারের জন্য কোন স্টিকার ইস্যু করা হবে না।

ভোটকেন্দ্রে সাংবাদিকগণ যাতে নির্বিঘ্নে তথ্য সংগ্রহ ও প্রচার করতে পারেন সেজন্য নির্বাচন কমিশন নিম্নোক্ত নীতিমালা প্রণয়ন করেছে। সাংবাদিকগণ ভোটকেন্দ্রে এসব নীতিমালা মেনে তাদের কার্যক্রম পরিচালনা করবেন।

- নির্বাচন কমিশনের পক্ষ থেকে প্রদত্ত বৈধ কার্ডধারী সাংবাদিক সরাসরি ভোটকেন্দ্রে প্রবেশ করতে পারবেন। ভোটকেন্দ্রে প্রবেশের পর প্রিজাইডিং অফিসারকে অবহিত করে ভোটগ্রহণ কার্যক্রমের তথ্য সংগ্রহ, ছবি তোলা এবং ভিডিও ধারণ করতে পারবেন তবে কোনক্রমেই গোপন কক্ষের ছবি সংগ্রহ কিংবা ধারণ করতে পারবেন না
  - একইসাথে একাধিক মিডিয়ার সাংবাদিক একই ভোটকক্ষে প্রবেশ করতে পারবেন না
  - ভোটকক্ষের ভিতর হতে কোনভাবেই সরাসরি সম্প্রচার করা যাবে না
  - ভোটকেন্দ্রের ভিতর হতে সরাসরি সম্প্রচার করতে হলে ভোটকক্ষ হতে নিরাপদ দূরত্বে গিয়ে তা করতে হবে, কোনক্রমেই ভোটগ্রহণ কার্যক্রমে বাধার সৃষ্টি করা যাবে না
  - সাংবাদিকগণ ভোটগণনা কক্ষে ভোট গণনা দেখতে পারবেন, তবে সরাসরি সম্প্রচার করতে পারবেন না
  - ভোটকক্ষ হতে ফেসবুকসহ কোন সামাজিক যোগাযোগ মাধ্যমে সরাসরি প্রচার করা যাবে না
  - কেন্দ্রের ভোটগ্রহণ কার্যক্রম ব্যাহত হয় এমন সকল কাজ থেকে বিরত থাকবেন
  - ভোটকেন্দ্রে সাংবাদিকগণ প্রিজাইডিং অফিসারের আইনানুগ নির্দেশ মেনে চলবেন
  - নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাজে কোনরূপ হস্তক্ষেপ করতে পারবেন না
  - কোন প্রকার নির্বাচনি উপকরণ স্পর্শ বা অপসারণ করতে পারবেন না
  - নির্বাচনি সংবাদ সংগ্রহের সময় প্রার্থী বা কোন রাজনৈতিক দলের পক্ষে বা বিপক্ষে যেকোন ধরনের প্রচারণা বা বিদ্বেষমূলক প্রচারণা হতে বিরত থাকবেন
  - নির্বাচন অনুষ্ঠানে সহায়তার জন্য নির্বাচনি আইন ও বিধিবিধান মেনে চলবেন
- উপরোল্লিখিত নির্দেশনা পালন না করলে বা তার ব্যত্যয় ঘটলে উক্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে নির্বাচনি আইন, বিধি ও কোড অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।  
এই নীতিমালা নির্বাচন কমিশনের আদেশক্রমে জারী করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।



(এস এম আসাদুজ্জামান)  
পরিচালক (জনসংযোগ)  
ও যুগ্মসচিব (চলতি দায়িত্ব)  
ফোনঃ ৫৫০০৭৫২০

রিটার্নিং অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন  
ও  
আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম।

(অ.পূ.দ্র.)

অফিসের ঠিকানাঃ

নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ

ফোন : +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স : +৮৮০-০২-৫৫০০৭৫১৫


ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

নং-১৭.০০.০০০০.০৪০.৪৭.০১৭.১৫-২২

তারিখ: ১৯ জানুয়ারি, ২০২১

অনুলিপি সদয় অবগিত ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব/ সচিব ..... (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন, ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, ..... (সংশ্লিষ্ট)
৯. উপমহাপুলিশ পরিদর্শক, ..... রেঞ্জ (সংশ্লিষ্ট)
১০. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. জেলা প্রশাসক, ..... (সংশ্লিষ্ট)
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..... (সংশ্লিষ্ট)
১৫. পুলিশ সুপার, ..... (সংশ্লিষ্ট)
১৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. .... কর্মকর্তা (সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
১৮. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ..... (সংশ্লিষ্ট)
১৯. উপজেলা নির্বাহী অফিসার, ..... (সংশ্লিষ্ট)
২০. জেলা তথ্য অফিসার, ..... (সংশ্লিষ্ট)
২১. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা  
(প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ....., এর একান্ত সচিব, বাংলাদেশ নির্বাচন কমিশন, ঢাকা  
(মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ..... (সংশ্লিষ্ট)
২৫. অফিসার-ইন-চার্জ, ..... (সংশ্লিষ্ট) থানা।



(মোঃ আশাদুল হক)

সহকারী পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫৫৬